মেহেরপুর ডিবির অভিযানে মুজিবনগরে ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) মুজিবনগরে অভিযান চালিয়ে ২ মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

আজ বৃহস্পতিবার সন্ধ্যা সোয়া সাতটার দিকে মুজিবনগর উপজেলার জয়পুর তারানগর এলাকা থেকে মাজেদুল ইসলাম (৩০) ও বিপ্লব আলী(১৯) কে ২০ বোতল ফেন্সিডিল সহ আটক করে ডিবি পুলিশ। আটক মাজেদুল ইসলাম জয়পুর গ্রামের আব্দুল মজিদের ছেলে ও বিপ্লব আলী একই এলাকার নজরুল ইসলামের ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে গোপন খবরের ভিত্তিতে এসআই উত্তম সহ ডিবি পুলিশের একটি টিম মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের তারানগর জয়পুর সড়কে অভিযান চালিয়ে মাজেদুল ও বিপ্লবকে ২০ বোতল ফেন্সিডিল সহ আটক করে।

ওসি ডিবি সাইফুল আলম জানান, আটককৃতদের মুজিবনগর থানায় সোপর্দ করা হয়েছ। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে একটি মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযানে দুই ব্যবসা প্রতিষ্ঠানের জরিমানা

মেহেরপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের এক অভিযানে সদর উপজেলার কাথুলি রোড এলাকায় দুটি প্রতিষ্ঠানের মালিককে মোট ১৩ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

বুধবার (১১ অক্টোবর) জেলা কৃষি বিপণন কর্মকর্তা মো: আব্দুর রাজ্জাক, নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ এবং মেহেরপুর

পুলিশ লাইনের একটি টিমের সহায়তায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ এই অভিযান পরিচালনা করেন।

অভিযানে মুদি দোকান ও মশলা, চাউলের আড়তসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকি করা হয়। মেসার্স আল মামুন স্টোর নামক প্রতিষ্ঠানে মশলাসহ অন্যান্য পণ্যের ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ না করা ও পণ্যের মুল্যতালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৪৫ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয় এবং মেসার্স বেল্টু চাউল ভান্ডারে পুর্বে সতর্ক করা সত্ত্বেও বিভিন্ন প্রকার চাউলের মুল্যতালিকা প্রদর্শন না করা ও ক্রয়- বিক্রয়ের ভাউচার সংরক্ষণ না করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিককে ৩৮ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় সবাইকে ভোক্তা অধিকার বিরোধী কাজ থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয়।

এসময় উপস্থিত ব্যবসায়ী ও জনসাধারণকে এবিষয়ে সতর্ক করা হয় ও সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের অভিযান গ্রেফতার ১

কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের মাদক বিরোধী অভিযান পরিচালন করে বুপ্রেনরফেইন ইনজেকশনসহ এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে।

দামুড়হুদা মডেল থানা মোঃ আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, এএসআই (নি:) মোঃ মসলেম উদ্দিন, সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে।

গোপন সংবাদের ভিত্তিতে অদ্য (০৬ অক্টোবর) বেলা সাড়ে ১১ টার সময় দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা গ্রামস্থ জনৈক আব্দুল

আলিম এর পরিত্যাক্ত মুদি দোকানের সামনে কার্পাসডাঙ্গা হইতে সুবলপুর গামী পাকা রাস্তার উপর হতে ধৃত আসামী মোঃ সাইফুল ইসলাম(৪২) পিতা- মৃত রমজান আলী, সাং- (ঝিনাইদহ বাসস্টান্ড পাড়া) থানা-সদর, বুপ্রেনরফেইন ইনজেকশন বহন করার সময় একটি FREEFOM মোটরসাইকেল এবং ৪০০(চারশত) পিচ বুপ্রেনরফেইন ইনজেকশন সহ হাতেনাতে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

চুয়াডাঙ্গায় ভোক্তা অধিকারের অভিযানে ৫০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ভাই ভাই ফুচকা হাউজে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহমেদ এর নেতৃত্ব এই অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে চুয়াডাঙ্গা ভাই ভাই ফুচকা হাউজে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি, বাসি খাবার খাওয়ানো ও স্বাস্থ্যবিধি অমান্য করাসহ নানা অপরাধে শহরের ভাই ভাই ফুচকা হাউজকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। আজ বৃহস্পতিবার দুপুরে শহরের কবরী রোডে অবস্থিত ওই প্রতিষ্ঠানে অভিযান চালানো হয়।

অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ জানান, পূর্বে সতর্ক করা সত্বেও ভাই ভাই ফুচকা হাউজ কর্তৃপক্ষ অস্বাস্থ্যকরভাবে বিভিন্ন খাবার তৈরি, একই ফ্রিজের কাচা মাংসের সাথে প্রস্তুতকৃত খাবার সংরক্ষণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য ব্যবহার, আগের বাসি খাবার ফ্রিজে সংরক্ষণ করে পুনরায় খাওয়ানো, আগের দিনের পোড়াতেল ব্যবহার, উৎপাদন ও মেয়াদ তারিখবিহীন বিভিন্ন খাবার সংরক্ষণ, রান্নাঘরের অস্বাস্থ্যকর পরিবেশ, কর্মচারীদের স্বাস্থ্যবিধি না মানাসহ

বিভিন্ন অপরাধে প্রতিষ্ঠানটির মালিক ওহিদুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৪৩ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এ সময় বাসি খাবার ও পোড়াতেল নষ্ট করা হয়।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযানে দুই ব্যবসায়ীর জরিমানা

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের পরিচালিত এক অভিযানে ২টি প্রতিষ্ঠানের মালিকে ২২ হাজার টাকা জরিমানা করা সহ জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও নকল কসমেটিকস পণ্য জনসম্মুখে ধ্বংস করা হয়েছে।

বুধবার (৪ অক্টোবর) জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয় কর্তৃক সদর উপজেলার আমঝুপি ও চাঁদবিলে কসমেটিকসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের প্রতিষ্ঠানে তদারকিতে অভিযান পরিচালিত হয়।

জেলা কৃষি বিপণন কর্মকর্তা আব্দুর রাজ্জাক এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিমের সহযোগিতায় এ অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এসময় আমঝুপি বাজারে মেসার্স হালিমা স্টোর নামক একটি কসমেটিকসের দোকানে মেয়াদ উত্তীর্ণ কসমেটিকস সহ আমদানিকারকের স্টিকার বিহীন

অবৈধ কসমেটিকস পাওয়া যায়। পুর্বে সতর্ক করার পরও মেয়াদ উত্তীর্ণ ও অবৈধ কসমেটিকস বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটির মালিক শিহাব উদ্দিনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭ ও ৫১ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এবং অপর একটি প্রতিষ্ঠান মেসার্স ভাই ভাই কসমেটিকসকে শিশুদের নকল জনসন এন্ড জনসন তেল এবং মেয়াদ উত্তীর্ণ ও অবৈধ কসমেটিকস বিক্রয়ের অপরাধে মালিক আহসান হাবিবকে ৪১ ও ৫১ ধারায় ১২ হাজার টাকা জরিমানা করা হয়।

এসময় জব্দকৃত মেয়াদ উত্তীর্ণ ও নকল ভেজাল কসমেটিকস পণ্যগুলো জনসম্মুখে নষ্ট করা হয় এবং সবাইকে ভোক্তা অধিকার বিরোধী কাজ থেকে বিরত থাকার জন্য সতর্ক করা সহ সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অভিযানে; গ্রেফতার ০১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে ১০০০ (এক হাজার) পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ (এক) জন গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার(ডিবি) অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্ব সোমবার বিকাল সাড়ে পাঁচটার সময় এসআই(নিঃ) সুমন্ত বিশ্বাস সঙ্গীয় অফিসার এসআই(নিঃ)মুহিদ হাসান, এএসআই(নিঃ) বিজন কুমার ভট্টাচার্য, এএসআই(নিঃ) মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা থানাধীন হঠাৎপাড়া (আনোয়ারপুর) গ্রামস্থ মোঃ আমিনুল ইসলাম, পিতা-মৃত সোনা মিয়ার মুরগির ফার্মের সামনে রেললাইনের উপর হতে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা এলাকায় হতে আসামি আব্দুল হাদি ওরফে হাদি (৩১), পিতা-আব্দুল মান্নান, সাং-ঝাঁঝাডাঙ্গা (বেলেমাঠপাড়া) গ্রেফতার পূর্বক তার হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ১০০০ (এক হাজার) পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার পূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা

হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ট্যাপেন্টাডল ও মদসহ আটক ৪

আলমডাঙ্গা থানাপুলিশের পৃথক অভিযানে চোলাই মদ ও ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ ৪ জনকে আটক করেছে পুলিশ। আজ রবিবার দিবাগত রাতে থানাপুলিশ অভিযান চালিয়ে কামালপুর ও পারকেষ্টপুর গ্রাম থেকে এসব মাদকদ্রব্য উদ্ধার করে।

আটকৃতরা হলেন- পৌর এলাকার বাবুপাড়ার মৃত ইফতেখারুল কাওনাইনের ছেলে সুষম কাওনাইন (৩৬)। এছাড়াও যশোর কোতয়ালী থানার খোলাডাঙ্গা ধর্মতলা এলাকার দুধ কুমার বিশ্বাসের ছেলে বিপুল কুমার দাস (২৮), চুয়াডাঙ্গার মুক্তিপাড়ার সুবল সর্দারের ছেলে শুভ্রদেব (২৫), আলমডাঙ্গা উপজেলার আলিহাট নগরের মহির উদ্দিনের ছেলে ফরিদ হোসেন (৩২)। পৃথক অভিযানে ৩শ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট ও ২৫ লিটার চোলাই বাংলা মদ উদ্ধার করে পুলিশ।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার কামালপুর গ্রামে মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রি হচ্ছে। এমন গোপন সংবাদ পায় পুলিশ। তথ্যের ভিত্তিতে আলমডাঙ্গা থানাপুলিশ মাদক বিরোধী অভিযান চালায়। এসময় কামালপুর গ্রাম থেকে সুষম কাওনাইনকে আটক করে। তার শরীর তল্লাশী করে ৩শত পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে।

এদিকে, শনিবার মধ্য রাত ১১ টার দিকে মুন্সিগঞ্জের পারকেষ্টপুর হতে আলমডাঙ্গায় চোলাই মদ পরিবহনের গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায় পাঁচকমলাপুর ফাঁড়ি পুলিশ। এসময় পারকেষ্টপুর ব্রিজ নিকট পুলিশ চেকপোস্ট বসায়। দ্রুত গতির এ্যাপাসি আরটিআর মোটরসাইকেল গতিরোধ করে। তাদের নিকটে থাকা ২৫ লিটার চোলাই মদ ও একটি ব্যবহৃত মোটরসাইকেল জব্দ করে।

জীবননগরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে জরিমানা

জীবননগরে আলো ডায়াগনস্টিক সেন্টারে বিভিন্ন অনিয়মের অভিযোগে ভ্রাম্যমাণ আদালতের অভিযান,চালিয়ে ৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

এ ভ্রাম্যমান অভিযান পরিচালনা করেন জীবননগর সহকারী কমিশনার (ভুমি) তিথি মিত্র। এ সময় তিনি বলেন,ফ্রি রোগী দেখার নাম করে সাদা কাগজে প্রেসক্রিপশন করে রোগীদের কাছ থেকে হাতিয়ে নেন মোটা অংকের টাকা বিভিন্ন সিন্ডিকেট এর মাধ্যমে তিনি এই কাজ করেন।

কিন্তু রাশেদ চেম্বার করার কথা থাকলেও অভিযানের কৌশলে তিনি সটকে পড়েন। কনসালটেন্সি সেন্টারের নাম করে নিবন্ধন নিলেও প্রতিদিন বসেনা কোন কনসাল্টেন্ট। কনসালটেন্ট সেজে দিনের পর দিন সাদা কাগজের প্রেসক্রিপশন।কনসালটেন্টের চেয়ারে বসে রাশেদ নিজেই। কিন্তু আজ অভিযান পরিচালনার সময় পাওয়া যায়নি ডি এম এফ ডাক্টার রাশেদ। এটাও এক প্রকার প্রতারণার শামিল বলে ধরনা করছে সাধারন রোগিরা।

এ অভিযানে সহযোগীতা করেন জীবননগর স্বাস্থ্য কমপ্লেক্সের আর এম ও মুস্তাফিজুর রহমান সুজন, সেনেটারী ইনস্পেকটর আনিসুর রহমান, ভূমি অফিসের কর্মকর্তা সহ জীবননগর থানা পুলিশের একটি টিম।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে গ্রেফতার ৪

মেহেরপুর সদর থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের

পরোয়ানাভূক্ত ৪ আসামি গ্রেফতার হয়েছে।

মেহেরপুর সদর থানা পুলিশের পৃথক টিম গতকাল সোমবার দিবাগত রাতে পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলামের নেতৃত্বে এই অভিযান চালান পুলিশ।

ওসি মোহাম্মদ সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিত্বে পৃথক অভিযান চালিয়ে বিভিন্ন মামলার আদালতের পারোয়ানভূক্ত ৪ আসামি গ্রেফতার করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৬ সেপ্টেম্বর) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

আলমডাঙ্গায় ভোক্তা অধিকারের অভিযান; দুটি হোটেলে জরিমানা

আলমডাঙ্গায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উদ্যোগে ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়েছে। সোমবার দুপুরের পৌর এলাকার হাউসপুর দুটি হেটেলে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরী ও বিক্রির অভিযোগে ওই দুটি হোটেলে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

জানা গেছে,চুয়াডাঙ্গার ভোক্তা অধকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহম্মেদের নেতৃত্বে আলমডাঙ্গার হাউসপুরে দুটি হোটেলে ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়। অভিযানে নোংরা ও অন্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরী ও বিক্রির অভিযোগে ২০০৯এর ৩৮/৪৩ ধারায মেসার্স মন্ডল মিষ্টান্ন ভান্ডারে ৫ হাজার ও মেসার্স মহুয়া মিষ্টান্ন ভান্ডারে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ অভিযানের সহযোগিতায় ছিলেন আলমডাঙ্গা থানার এসআই মেজবাসহ একদল পুলিশ ফোর্স।